গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
যুগ্মসচিব (সায়রাত অনুবিভাগ) এর দপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০২০.৬৮.০০২.২৫.০১

তারিখ: ২৩ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ / ০৭ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয়: কৃষি জমির উপরি-স্তর কর্তন/খনন ও ভরাট সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের বিভিন্ন জেলার কোথাও কোথাও জেলা ও উপজেলা প্রশাসনকে অবহিত না করে রাতের আঁধারে কিছু অসাধু ব্যক্তি সরকারি অথবা ব্যক্তি মালিকানাধীন জমির উপরি-স্তর কর্তন/খনন করছে। উপরি-স্তর কর্তনের ফলে জমির উর্বরতা নষ্ট হচ্ছে, যা কৃষিজ উৎপাদনে বিরূপ প্রভাব ফেলবে। "ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইন, ২০২৩" এর ১৩ ধারায় মাটির উপরি-স্তর কর্তন ও ভরাটের দন্ড সম্পর্কে নিম্নরূপভাবে বলা আছে:

> **"যদি কোনো ব্যক্তি জেলা প্রশাসকের অনুমতি ব্যতিরেকে আবাদযোগ্য বা কর্ষণীয় জমির উপরি-স্তর কর্তন করেন অথবা জমির রেকর্ডিও মালিকের বিনা অনুমতিতে জমি বালু/মাটি দ্বারা ভরাট করেন, তাহা হইলে তাহার অনুরূপ কার্য হইবে একটি অপরাধ, এবং তজ্জন্য তিনি অনধিক ০২ (দুই) বৎসর কারাদন্ড ও অর্থদণ্ডে দন্ডনীয় হইবেন।"**

০২। বর্ণিতাবস্থায়, "ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইন, ২০২৩" এর ১৩ ধারা অনুযায়ী দায়ীদের বিরুদ্ধে দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭/০১/২০২৬

(সাবেরা আক্তার)
যুগ্মসচিব (সায়রাত অনুবিভাগ)
ফোন: ০২-৫৫১০০১৫২
ইমেইল: sairat@minland.gov.bd

জেলা প্রশাসক,
............................ (সকল)।

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০২০.৬৮.০০২.২৫.০১/১(১৪)

তারিখ: ২৩ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ / ০৭ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃ.আ. অতিরিক্ত সচিব, জেলা ও মাঠপ্রশাসন অনুবিভাগ]
২. অতিরিক্ত সচিব (মাঠ প্রশাসন), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৪. উপদেষ্টার একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিনিয়র সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
(সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. মাস্টার কপি/অফিস কপি।

৭/০১/২০২৬

(সাবেরা আক্তার)
যুগ্মসচিব (সায়রাত অনুবিভাগ)